গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.mole.gov.bd

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি:	কে, এম, আব্দুস সালাম সচিব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান:	মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখ:	০৮ অক্টোবর ২০২০
সময়:	সকাল ০৯.৩০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন ২০১২ সালে সুশাসন প্রতিষ্ঠায় সামগ্রিক উদ্যোগের সহায়ক কৌশল হিসাবে সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। এ কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠাকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি অন্যতম অনুসংগ। এ কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে মন্ত্রণালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠাকল্পে গঠিত নৈতিকতা কমিটির সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সভাপতি সদস্যগণের উপস্থিতি বিবেচনায় নিয়ে বলেন, নৈতিকতা কমিটির সদস্য হিসেবে সভায় সকল অধিদপ্তর/দপ্তর/ সংস্থা প্রধানকে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। অনিবার্য কারণে উপস্থিত হতে না পারলে সভা অনুষ্ঠানের পূর্বে সভাপতিকে অবহিত করতে হবে। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকেও সভায় উপস্থিত থাকতে হবে।

২। অত:পর সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) শাকিলা জেরিন আহমেদ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি বলেন এ প্রতিবেদন নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের এ কর্ম-পরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি, ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম, শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান, কর্ম-পরিবেশ উন্নয়ন, অর্থ বরাদ্দ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন শীর্ষক ১৩টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। কর্ম-পরিকল্পনার ৮.১ নং ক্রমিকে সিটিজেন চার্টার পরিবীক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৮০%। প্রতি কোয়ার্টারে ৮০% এর স্থলে অসাবধানতাবশত ২০% ধরা হয়েছে যা সংশোধন হওয়া প্রয়োজন। তিনি আরো বলেন প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ অর্জিত হয়েছে। সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

৩। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধানগণ ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ১ম কোয়ার্টারের পর্যালোচনা প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন, সংস্থাসমূহের যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা ২য় কোয়ার্টারে অর্জনের পদক্ষেপ নিতে হবে।

৪। সভাপতি মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার বাস্তবায়নসহ ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরনে গুরুত্বারোপ করেন। তিনি শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিলের ওয়েবসাইট হালনাগাদকরনে মন্ত্রণালয়ের আইসিটি সেলকে সহযোগিতা প্রদানে নির্দেশনা দেন। সভায় বিবিধ আলোচনায় শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ১৫০০০ (পনের হাজার) আবেদন তালিকাভূক্তকরণ, মজুরি নির্ধারণে মালিক-শ্রমিকপক্ষের নাম না পাওয়া ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।

৫। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:/নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(ক)	এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের খসড়া অনুমোদন করা হয়। অনুমোদিত প্রতিবেদন আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সমন্বয় শাখা ও আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
(খ)	কর্ম-পরিকল্পনার ৮.১ নং ক্রমিকে সিটিজেন চার্টার পরিবীক্ষণ বিষয়ে লক্ষ্যমাত্রা প্রতি কোয়ার্টারে ২০% এর পরিবর্তে ৮০% হিসাবে প্রতিস্থাপনপূর্বক সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
(গ)	মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন স্ব স্ব দপ্তরের নৈতিকতা কমিটির সভার অনুমোদনক্রমে আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সকল অধিদপ্তর/দপ্তর /সংস্থা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
(ঘ)	মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যে যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে এবং ওয়েবসাইটের সেবাবক্সসমূহ নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।	মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি ও সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সকল অধিদপ্তর /দপ্তর/সংস্থা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ।
(ঙ)	নৈতিকতা কমিটির সভায় মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর সংস্থার প্রধানগণকে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। অনিবার্য কারণে উপস্থিত হতে না পারলে সভা অনুষ্ঠানের পূর্বে সভাপতিকে অবহিত করতে হবে। সেই সঙ্গে কর্ম-পরিকল্পনার বিভিন্ন কার্যক্রমের সঙ্গে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকতে হবে।	সকল অধিদপ্তর /দপ্তর/সংস্থা প্রধানগণ, সংশ্লিষ্ট কর্মকর্তা ও সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ।
(চ)	মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা ও বিভিন্ন অনুবিভাগের প্রদত্ত লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন এবং প্রমাণক দাখিল করতে হবে।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত/ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
(ছ)	শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিলের ওয়েবসাইট হালনাগাদকরনে মন্ত্রণালয়ের আইসিটি সেলকে সহযোগিতা প্রদান করতে হবে।	আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় । শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিল ।

সভাপতি বলেন মন্ত্রণালয়ের কার্যক্রমে শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় সকলকে সচেষ্ট থাকতে হবে । তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এবং সিটিজেন চার্টার বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন ।

৬। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/১০/২০২০

কে, এম, আব্দুস সালাম
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়